গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা
www.rajshahi.gov.bd

স্মারক নম্বর ৩১.৪৩.৮১০০.০১৫.০২.০১৮.২২- ৪১৭ তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ০৭/১০/২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১১৯.১২(অংশ).৪৪৬ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীর রাজস্ব প্রশাসনের অধীন প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ (http//dcrajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | ড্রাফটসম্যান | ০১(এক)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬(ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। |
| ২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৬(ছয়)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৩। | নাজির কাম ক্যাশিয়ার | ০৪(চার)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৪। | মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী | ০২(দুই)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৫। | সার্টিফিকেট সহকারী | ০৩(তিন)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৬। | কার্যসহকারী | ০১(এক)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬(ছয়) মাসের সিভিল ড্রাফটিং সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৭। | ট্রেসার | ০১(এক)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬(ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

### শর্তাবলী:

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উ ল্লেখ করতে হবে।
৩. জেলা প্রশাসক, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।
৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থী আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

চলমান পাতা-২

৫. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

গ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রকাশিত নিম্নবর্ণিত যেকোনো একটি প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

**(ক) ভারতীয় তালিকা:**

(১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); (৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী); অথবা

**(খ) লাল মুক্তিবার্তা:**

(১) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই); (২) লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা;

অথবা

**(গ) গেজেট:**

(১) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট; (২) প্রবাসে বিশ্ব জনমত গেজেট; (৩) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট; (৪) বিসিএস গেজেট; (৫) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (৬) বীরাঙ্গনা গেজেট; (৭) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (৮) ন্যাপ কমিউনিস্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (৯) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; (১০) মুজিবনগর গেজেট;

অথবা

**(ঘ) বাহিনী গেজেট:**

(১) সেনাবাহিনী গেজেট; (২) নৌবাহিনী গেজেট; (৩) বিমানবাহিনী গেজেট; (৪) বিজিবি গেজেট; (৫) পুলিশ বাহিনী গেজেট; (৬) আনসার বাহিনী গেজেট; (৭) নৌ-কমান্ডো গেজেট;

অথবা

**(ঙ) শহীদ গেজেট:**

(১) শহীদ বেসামরিক গেজেট; (২) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট; (৩) শহীদ বিজিবি গেজেট; (৪) শহীদ পুলিশ গেজেট;

**(চ) খেতাবপ্রাপ্ত:** (১) খেতাবপ্রাপ্ত গেজেট;

অথবা

**(ছ) যুদ্ধাহত:**

(১) যুদ্ধাহত গেজেট; (২) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৩) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৪) যুদ্ধাহত সেনা গেজেট এর যেকোনো একটি প্রমাণকে মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক

জ) প্রশিক্ষণের সনদপত্র।

ঝ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)

৬. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

৭. লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৮. প্রার্থীর বয়সসীমা ০১/০৩/২০২২ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

১০. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার আবেদন/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. কেবল একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১২. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৫. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcrajshahi.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৩/২০২২ খ্রি. সকাল ১০:০০টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৩/২০২২ খ্রি. বিকাল ৫:০০ টা।

iii) উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online- আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এককপি জমা দেবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোডপূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর

মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ১০০/- টাকা+ Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DCRAJSHAHI <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCRAJSHAHI ABCDEF
Reply : Applicant's Name, Tk. 112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCRAJSHAHI Yes PIN and send to 16222.
দ্বিতীয় SMS DCRAJSHAHI <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCRAJSHAHI YES 12345678 and send to 16222.
Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCRAJSHAHI Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DCRAJSHAHI <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DCRAJSHAHI Help User 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে: DCRAJSHAHI <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: DCRAJSHAHI Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা dcrajshahi@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও রাজশাহী জেলার ওয়েবপোর্টাল www.rajshahi.gov.bd এবং http://dcrajshahi.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.rajshahi.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২০/০২/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী
ফোনঃ ০৭২১-৭৭২০৫০
ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd

স্মারক নম্বর ৩১.৪৩.৮১০০.০১৫.০২.০১৮.২২- ৪২৭(১১১০)

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
০৫। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
০৬। জেলা প্রশাসক, ................................(সকল)
০৭। পুলিশ সুপার, রাজশাহী
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।
১০। সিভিল সার্জন, রাজশাহী।
১১। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
১৩। উপজেলা নির্বাহী অফিসার..................................(সকল), রাজশাহী।
১৪। সহকারী কমিশনার (ভূমি),..................................(সকল), রাজশাহী।
১৫। সহকারী কমিশনার, ................................................শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
১৬। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী।
১৭। প্রোগামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১৮। নোটিশ বোর্ড।
১৯। মাস্টার ফাইল।

20/02/22

জেলা প্রশাসক
রাজশাহী